

া সুনান আবূ দাউদ (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৩৭১৩

२३/ খोपापवा (كتاب الأطعمة)

পরিচ্ছেদঃ ৪৫৯. যাকে দাওয়াত করা হয়, সে যদি শরীআত বিরোধী কিছু দেখে।

باب الرَّجُل يُدْعَى فَيَرَى مَكْرُوهًا

আরবী

حَدَّثَنَا مُوسَى بْنُ إِسْمَاعِيلَ، أَخْبَرَنَا حَمَّادٌ، عَنْ سَعِيدِ بْنِ جُمْهَانَ، عَنْ سَفِينَةَ أَبِي عَبْدِ الرَّحْمَنِ، أَنَّ رَجُلاً، أَضَافَ عَلِيَّ بْنَ أَبِي طَالِبٍ فَصَنَعَ لَهُ طَعَامًا فَقَالَتْ فَاطِمَةُ لَوْ دَعَوْنَا رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم فَأَكَلَ مَعَنَا . فَدَعَوْهُ فَجَاءَ فَوَضَعَ يَدَهُ عَلَى عِضَادَتَى الْبَابِ فَرَأَى الْقِرَامَ قَدْ ضُرِبَ بِهِ فِي نَاحِيَةِ الْبَيْتِ فَرَجَعَ فَقَالَتْ فَاطِمَةُ لِعَلِيِّ الْحَقْهُ فَانْظُرْ مَا رَجَعَهُ . فَتَبِعْتُهُ فَقُلْتُ يَا رَسُولَ اللَّهِ مَا رَدَّكَ فَقَالَ " إِنَّهُ لَيْسَ لِي أَوْ لِنَبِيٍّ أَنْ يَدْخُلُ بَيْتًا مُزُوّقًا " .

বাংলা

৩৭১৩. মূসা ইবন ইসমা'ঈল (রহঃ) আবূ আবদির রহমান (রহঃ) থেকে বর্ণিত। তিনি বলেনঃ একদা জনৈক ব্যক্তি আলী ইবন আবী তালিব (রাঃ)-কে দাওয়াত করে তাঁর জন্য খানা তৈরী করে (তাঁর ঘরে পাঠিয়ে দেয়)। তখন ফাতিমা (রাঃ) বলেনঃ যদি আমরা রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে ডাকতাম, তবে তিনিও আমাদের সঙ্গে খানা খেতেন। তখন তাঁরা নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে দাওয়াত দেন। তিনি এসে দরজার চৌকাঠে হাত রেখে ঘরের কোণে একটি নকশাদার পর্দা দেখতে পান। ফলে, তিনি ফিরে যান। তখন ফাতিমা (রাঃ) আলী (রাঃ)-কে বলেনঃ দেখুন তো তিনি কেন ফিরে যাচ্ছেন। (আলী (রাঃ) বলেনঃ) তখন আমি তাঁর পশ্চাদনুসরণ করি এবং বলিঃ ইয়া রাসূলাল্লাহা আপনি কেন ফিরে যাচ্ছেন? তিনি বলেনঃ আমার জন্য বা কোন নবীর জন্য এটা দুরস্ত নয় যে, তিনি এমন কোন ঘরে প্রবেশ করবেন, যেখানে কারুকার্য থাকবে।

English

Narrated Ali ibn AbuTalib:

Safinah AbuAbdurRahman said that a man prepared food for Ali ibn AbuTalib who was his guest, and Fatimah said: I wish we had invited the Messenger of



Allah (ﷺ) and he had eaten with us. They invited him, and when he came he put his hands on the side-ports of the door, but when he saw the figured curtain which had been put at the end of the house, he went away. So Fatimah said to Ali: Follow him and see what turned him back. I (Ali) followed him and asked: What turned you back, Messenger of Allah? He replied: It is not fitting for me or for any Prophet to enter a house which is decorated.

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ আবু আব্দুর রহমান আস সুলামী (রহঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন